ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩২৪৯</u>

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

## জিবিপি হাসপাতালের ৬৫তম প্রতিষ্ঠা দিবস উদযাপিত




জিবিপি হাসপাতালের ৬৫তম প্রতিষ্ঠা দিবস গতকাল যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করা হয়। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের ৪ নং লেকচার হলে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক তথা জিবিপি হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন মিনা রাণী সরকার। বর্তমানে সারাদেশে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতাল একটি গৌরবময় স্থান অর্জন করেছে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসক, নার্স, ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা এবং সকল স্তরের কর্মীদের এই গৌরব রক্ষায় একসাথে কাজ করতে হবে বলে বক্তব্য উল্লেখ করেন এই অনুষ্ঠানের প্রধান অতিথি তথা বিধায়ক মিনা রাণী সরকার। তিনি বলেন, বর্তমানে জিবিপি হাসপাতালে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণ করা হয়েছে এবং উন্নত যন্ত্রপাতি ও বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারা বিভিন্ন উন্নতমানের স্বাস্থ্য পরিষেবায় গ্রহণের ফলে রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি করে এখন মোট ১৪১৩টি করা হয়েছে। তিনি আরও জানান, এই হাসপাতালে সম্পূর্ণ সরকারি খরচে এখন বিভিন্ন ডিপার্টমেন্টে জটিল অস্ত্রোপচার করা হচ্ছে। রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের ফলে রোগীদের বহির্রাজ্যে চিকিৎসার জন্য যাওয়ার প্রবণতা অনেকাংশেই কমে এসেছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে। তিনি সংক্ষিপ্ত বক্তব্যে জানান, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতাল এখন উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানে দিল্লি এর এইমস-এর সঙ্গে কাজ করবে। এর ফলে হাসপাতালের চিকিৎসক ও নার্সদের উন্নত প্রশিক্ষণের মাধ্যমে রোগীরা আরও ভালো পরিষেবা পাবে।

এদিন প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের ফিজিওলজি ডিপার্টমেন্টে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। তাতে এজিএমসি ছাত্র-ছাত্রী ও কর্মচারী সহ মোট ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উক্ত অনুষ্ঠানে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন ও বিধায়ক মীনা রাণী সরকার সহ অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের অধ্যক্ষ প্রফেসর (ডাঃ) অনুপ কুমার সাহা, জিবিপি হাসপাতালের ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী, জিবিপি হাসপাতালের আরএমও ডাঃ বিধান গোস্বামী, জিবিপি হাসপাতালের শিশু বিশেষজ্ঞ ও প্রাক্তন স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডাঃ) সঞ্জীব কুমার দেববর্মা, মেডিক্যাল এডুকেশনের অধিকর্তা প্রফেসর (ডাঃ) হরপ্রসাদ শর্মা, রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা, রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির সদস্য সচিব ডাঃ নূপুর দেববর্মা সহ অন্যান্য আধিকারিকগণ। স্বাস্থ্য দপ্তর থেকে প্রেস রিলিজের মাধ্যমে এ সংবাদ জানানো হয়েছে।

*****